গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমবায় অধিদপ্তর
www.coop.gov.bd

# মে/২০২৫ মাসে অনুষ্ঠিত দ্বি-মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: শরিফুল ইসলাম |
| | : | নিবন্ধক ও মহাপরিচালক |
| তারিখ ও সময় | : | ২৯-০৫-২০২৫, সকাল-১০.০০ মি: |
| স্থান | : | সমবায় অধিদপ্তরের সম্মেলন কক্ষ 'পায়রা' |
| উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট- 'ক' দ্রষ্টব্য |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতি এ পর্যায়ে যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) কে আলোচ্যসূচি অনুযায়ী সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন। পরবর্তীতে নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী পর্যায়ক্রমে বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপভাবে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | **বিগত সভার কার্যবিবরণী অনুমোদন;** | বিগত ০৫/০৩/২০২৫ তারিখে অনুষ্ঠিত দ্বি-মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সকল কর্মকর্তার নিকট প্রেরণ করা হয় এবং সভায় উপস্থাপন করা হয়। কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি। | ১. বিগত ০৫/০৩/২০২৫ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন/সংযোজন/বিয়োজন প্রস্তাব না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়করণ করা হলো। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ০২. | **ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম সিস্টেম;** | **<u>ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এইচআর ম্যানেজমেন্ট</u>**<br>২১-০৫-২০২৫ তারিখ পর্যন্ত সমবায় অধিদপ্তরের ৭৯ জন, ঢাকা বিভাগের ৩৫৪ জন, চট্টগ্রাম বিভাগের ৪৮৭ জন, রাজশাহী বিভাগের ৩২০ জন, খুলনা বিভাগের ৩৮৯ জন রংপুর বিভাগের ১৯৭ জন, বরিশাল বিভাগের ১৯৬ জন, ময়মনসিংহ বিভাগের ৪৮ জন এবং সিলেট বিভাগের ৩৪ জন কর্মকর্তা কর্মচারী সিস্টেমে Personal Data Sheet (PDS) এ তথ্য এন্ট্রি করেছেন। পুনরায় ০২-০৬-২০২৫ তারিখের মধ্যে সকল কর্মকর্তা কর্মচারীর সম্প্রতি তোলা রঙ্গিন ছবিসহ ব্যক্তিগত তথ্য সিস্টেমে এন্ট্রি করার জন্য পত্র দেয়া হয়েছে মর্মে সভায় আলোচনা করা হয়।<br><br>সমবায় অধিদপ্তর ও মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা কর্মচারীদের পদোন্নতি/স্থায়ীকরণ/উচ্চতর গ্রেড প্রাপ্তির ক্ষেত্রে আবশ্যিকভাবে এইচআর ম্যানেজমেন্ট সিস্টেমে তথ্য ইনপুট থাকতে হবে। অন্যথায় পদোন্নতি/স্থায়ীকরণ/উচ্চতর গ্রেড প্রদান না করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. এইচআর ম্যানেজমেন্ট সিস্টেমে সমবায় অধিদপ্তরের সকল কর্মকর্তা কর্মচারীদের সকল ধরনের তথ্য আগামী ০২/০৬/২০২৫ তারিখের মধ্যে শতভাগ ইনপুট দেওয়ার কাজ সম্পন্ন করতে হবে এবং সংশ্লিষ্ট কর্মচারী ইনপুটকৃত তথ্যের হার্ড কপি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট দাখিল করার জন্য পত্র দিতে হবে।<br><br>২. এইচআর ম্যানেজমেন্ট সিস্টেমে সকল মাঠ পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের সকল ধরনের তথ্য আগামী ০২/০৬/২০২৫ তারিখের মধ্যে শতভাগ ইনপুট দেওয়ার কাজ সম্পন্ন করতে হবে এবং সংশ্লিষ্ট কর্মচারী ইনপুটকৃত তথ্যের হার্ড কপি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট দাখিল করার জন্য পত্র দিতে হবে।<br><br>৩. সমবায় অধিদপ্তর ও মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা কর্মচারীদের পদোন্নতি/স্থায়ীকরণ/উচ্চতর গ্রেড প্রাপ্তির ক্ষেত্রে আবশ্যিকভাবে এইচআর ম্যানেজমেন্ট সিস্টেমে প্রয়োজনীয় তথ্য ইনপুট থাকতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এইচআর ম্যানেজমেন্ট, সমবায় অধিদপ্তর<br><br>বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br><br>১. যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স)<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | **<u>ফোকাল পয়েন্ট কর্মকর্তা, লোন এন্ড ক্যাপিটাল ম্যানেজমেন্ট</u>**<br>লোন কম্পোনেন্টের আওতায় ০১ টি চলমান প্রকল্প ও ০৫ টি সমাপ্ত প্রকল্পের সিডিউল তৈরি করার নিমিত্তে প্রকল্পের তথ্য ভেন্ডর প্রতিষ্ঠানে প্রেরণ করা হয়েছে।<br><br>"সমবায় সমিতির তথ্য অন্তর্ভুক্তি ও সদস্যগণের ঋণের তথ্য অন্তর্ভুক্তি" বিষয়ক অনলাইন প্রশিক্ষণ ৩০-০৪-২০২৫, ১২-০৫-২০২৫ এবং ২২-০৫-২০২৫ তারিখে উপজেলা সমবায় কার্যালয়ের সংশ্লিষ্ট সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় কর্মকর্তা এবং সংশ্লিষ্ট বিভাগের ফোকাল পয়েন্ট কর্মকর্তার সমন্বয়ে সম্পন্ন হয়েছে মর্মে সভায় আলোচনা করা হয়। | ৩. সমাপ্ত প্রকল্পসমূহের সমিতিওয়ারী উপকারভোগী ঋণ কার্যক্রমের তথ্য নির্ধারিত ছক মোতাবেক এন্ট্রিপূর্বক সিস্টেমে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা, লোন এন্ড ক্যাপিটাল ম্যানেজমেন্ট, সমবায় অধিদপ্তর |
| | | **<u>ফোকাল পয়েন্ট কর্মকর্তা, কো-অপারেটিভ সোসাইটি রেজিস্ট্রেশন এন্ড মনিটরিং ম্যানেজমেন্ট</u>**<br>সমবায় সমিতি সক্রান্ত যাবতীয় কার্যক্রম যেমন নেম ক্লিয়ারেন্স (নামের ছাড়পত্রের আবেদন), সমবায় সমিতির নিবন্ধনের আবেদন, নির্বাচিত কমিটি সংযোজনসহ সকল অনিষ্পন্ন কাজগুলো সকল বিভাগীয় যুগ্মনিবন্ধককে দ্রুত নিষ্পত্তির জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে মর্মে সভায় আলোচনা করা হয়। | ৪. সমবায় সমিতির সদস্যের তথ্য সিস্টেমে ইনপুট প্রদানের কার্যক্রম দ্রুত সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য মাঠ পর্যায়ে পত্র দিতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা, কো-অপারেটিভ সোসাইটি রেজিস্ট্রেশন এন্ড মনিটরিং ম্যানেজমেন্ট, সমবায় অধিদপ্তর |
| | | **<u>ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সেলস এন্ড ই-কমার্স সিস্টেম</u>**<br>ই-কমার্স প্লাটফর্মের কার্যক্রম শুরু করার জন্য প্রয়োজনীয় অনলাইন প্রশিক্ষণ বিগত ২২-০৪-২০২৫ তারিখে সম্পন্ন হয়েছে এবং ৩০-০৪-২০২৫ তারিখের মধ্যে পুনরায় পণ্যের তথ্য এন্ট্রির কার্যক্রম সম্পাদন করার জন্য বিগত ২৪-০৪-২০২৫ তারিখে পত্র প্রদান করা হয়েছে। ০৮ (আট) টি সমিতির মধ্যে ২ (দুই) টি উৎপাদনমুখী সমবায় সমিতির তথ্য সিস্টেমে এন্ট্রি কার্যক্রম সম্পন্ন করেছে। | ৫. উৎপাদিত পণ্যের তথ্য কম্পোনেন্টে দ্রুত এন্ট্রি প্রদানের মাধ্যমে পাইলটিং কার্যক্রম শুরু করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৬. যে সকল সমবায় সমিতির তথ্য অদ্যাবধি সিস্টেমে এন্ট্রি হয়নি, সে সকল সমবায় সমিতির তথ্য সিস্টেমে এন্ট্রি দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সেলস এন্ড ই-কমার্স সিস্টেম, সমবায় অধিদপ্তর |
| | | **<u>ফোকাল পয়েন্ট কর্মকর্তা, বেনিফিসিয়ারী ট্রেনিং এন্ড স্কিল ডেভোলপমেন্ট ম্যানেজমেন্ট সিস্টেম</u>**<br>ক) ইন্টিগ্রেডেট ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্ল্যাটফর্ম (IDSDP) এর মাধ্যমে অনুষ্ঠিত ২০২৪-২০২৫ খ্রি. প্রশিক্ষণ কোর্সের তথ্য সভায় উপস্থাপন করা হয়।<br>খ) কোর্স সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্যাদি এন্ট্রি করা হয়না, ফলে প্রশিক্ষণের গুণগত মান বিঘ্নিত হতে পারে ও মনিটরিং কার্যক্রম ব্যহত হচ্ছে।<br>গ) ভ্রাম্যমান প্রশিক্ষণ কার্যক্রম সিস্টেমে অন্তর্ভুক্ত হলেও মাঠ পর্যায়ে ভ্রাম্যমান প্রশিক্ষণ সিস্টেমের মাধ্যমে হচ্ছেনা। | ৭. বাংলাদেশ সমবায় একাডেমি ও আঞ্চলিক সমবায় ইন্সটিটিউট অনুষ্ঠিত সকল প্রশিক্ষণ, মাঠ পর্যায়ে ভ্রাম্যমাণ প্রশিক্ষণ এবং সমবায় অধিদপ্তরে আয়োজিত সকল প্রশিক্ষণ অনলাইন ট্রেনিং ম্যানেজমেন্ট সফটওয়্যার সিস্টেমে অন্তর্ভুক্ত করতে হবে। | ১. অধ্যক্ষ বাংলাদেশ সমবায় একাডেমি<br>২. যুগ্মনিবন্ধক (ইপিপি)<br>৩. অরেঞ্জ বিডি |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৩. | **বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ইউনিয়ন) এর কার্যক্রম সংক্রান্ত;** | মিল্ক ইউনিয়নের প্রতিনিধি মহাব্যবস্থাপক (বিপণন) সভায় জানান, নির্দেশনা মোতবেক বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ইউনিয়ন) এর আয়-ব্যয় হিসাব নিয়মিত সমবায় অধিদপ্তরের কৃষিজ শিল্প শাখায় প্রেরণ করা হয়। দুগ্ধ ও দুগ্ধজাত পণ্যের নতুন মূল্য বিগত ২১ মার্চ, ২০২৫ হতে কার্যকর হওয়ায় আগামীতে লাভের পরিমাণ বৃদ্ধি পাবে এবং সমবায় অধিদপ্তরের নিকট মিল্ক ইউনিয়নের কোন অনিষ্পন্ন বিষয় নেই মর্মে সভাকে অবহিত করেন। | ১. প্রতি দ্বি-মাসিক সমন্বয় সভায় বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ইউনিয়ন) এর কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড। |
| ০৪. | **বাংলাদেশ সমবায় ব্যাংক লি: এর কার্যক্রম সংক্রান্ত;** | বাংলাদেশ সমবায় ব্যাংক লি: এর প্রতিনিধি জনাব মো: সাহাদৎ হোসেন, উপসচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ ও মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব) বাংলাদেশ সমবায় ব্যাংক লি: সভায় জানান বাংলাদেশ সমবায় ব্যাংক লি: এর সামগ্রিক কার্যক্রম (ঋণ কার্যক্রম, আয়-ব্যয়ের হিসাব, প্রকল্প সংক্রান্ত, সমস্যা ও প্রতিকারে করণীয়) নিয়মিত এ দপ্তরের প্রেরণ করা হয়ে থাকে। | ১. দ্বিমাসিক সমন্বয় সভায় বাংলাদেশ সমবায় ব্যাংক লি: এর সামগ্রিক কার্যক্রম (ঋণ কার্যক্রম, আয়-ব্যয়ের হিসাব, প্রকল্প সংক্রান্ত, সমস্যা ও প্রতিকারে করণীয়) উপস্থাপন করতে হবে। | মহাব্যবস্থাপক বাংলাদেশ সমবায় ব্যাংক লি: |
| | | বাংলাদেশ সমবায় ব্যাংক লি: কর্তৃক প্রেরিত প্রস্তাবিত সাংগঠনিক কাঠামো অনুমোদনের বিষয়টি আন্তরিকতার সহিত দেখার জন্য এবং প্রস্তাবিত সাংগঠনিক কাঠামো দ্রুত সময়ে প্রয়োজনীয় অনুমোদন দেয়ার জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। প্রস্তাবিত সাংগঠনিক কাঠামোতে কোন সংস্কার করার প্রয়োজন মনে হলে, সেই সংস্কার করে হলেও প্রস্তাবিত সাংগঠনিক কাঠামো অনুমোদন করার জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। প্রস্তাবিত সাংগঠনিক কাঠামো অনুমোদন করা হলে আগামী কয়েক বছরের মধ্যে ব্যাংকের অতিরিক্ত জনবল বাদ দেয়াসহ ব্যাংকে পজেটিভ সংস্কার করা সম্ভব হবে। | ২. বাংলাদেশ সমবায় ব্যাংক লি: এর জনবল কাঠামো অনুমোদন সংক্রান্ত কার্যক্রম দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (ব্যাংক, বীমা ও কৃষি ঋণ) |
| | | বিভাগীয় যুগ্মনিবন্ধক, রাজশাহী সভায় জানান, রাজশাহী সমবায় ভুমি উন্নয়ন ব্যাংক বাংলাদেশ সমবায় ব্যাংক হতে ৩৬ লক্ষ টাকা ঋণ নিয়েছিল। বর্তমানে সেই ঋণের সুদ বেড়ে বাংলাদেশ সমবায় ব্যাংকের মোট পাওনা দাড়িয়েছে প্রায় ১ কোটি ৭ লক্ষ টাকা। রাজশাহীর সমবায় ভুমি উন্নয়ন ব্যাংকের ১০ শতাংশ জমি রয়েছে যার বাজার মূল্য প্রায় ১০ কোটি টাকা। তবে জমি সংশ্লিস্ট মামলা থাকায় তা বিক্রয় করা সম্ভব হচ্ছেনা। ফলে ঋণ পরিশোধ করতে না পারায় প্রতিনিয়ত ঋণের সুদ বৃদ্ধি পাচ্ছে। যেহেতু সমবায় অধিদপ্তর উভয় প্রতিষ্ঠানের অভিভাবক সেহেতু উভয় পক্ষকে নিয়ে সভা করে বিষয়টি সমাধানের উদ্যোগ নেয়ার জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন। | ৩. রাজশাহী সমবায় ভুমি উন্নয়ন ব্যাংকের ১০ শতাংশ জমির মামলা ও বাংলাদেশ সমবায় ব্যাংক হতে গৃহীত ঋণ বিষয়ে বাংলাদেশ সমবায় ব্যাংক লি: ও রাজশাহী সমবায় ভুমি উন্নয়ন ব্যাংককে নিয়ে সমবায় অধিদপ্তরে একটি সভার আয়োজন করতে হবে। | যুগ্মনিবন্ধক (ব্যাংক, বীমা ও কৃষি ঋণ) |
| ০৫. | **অডিট অগ্রগতি;** | যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) সভায় জানান কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতির অডিট শতভাগ সম্পন্ন হয়েছে। কিন্তু জাতীয় ও দেশব্যাপী সমবায় সমিতির অডিট সম্পাদনের অগ্রগতির হার সন্তোষজনক নয়। সমবায় সমিতি আইন ও বিধি মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে সকল সমবায় সমিতির অডিট সম্পাদন করতে হবে মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ১. দ্রুত সময়ের মধ্যে জাতীয় ও দেশব্যাপী সমবায় সমিতির অডিট সম্পাদন শতভাগ সম্পন্ন করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) সমবায় অধিদপ্তর<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | অডিট অগ্রগতির ছকে নিরীক্ষা প্রতিবেদন প্রাপ্তির সংখ্যা বিষয়ক একটি কলাম অন্তর্ভুক্ত করে ছক আপডেট করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ২. অডিট অগ্রগতির ছকে নিরীক্ষা প্রতিবেদন প্রাপ্তির সংখ্যা বিষয়ক একটি কলাম অন্তর্ভুক্ত করে, বর্তমান ছকটি আপডেট করতে হবে এবং মাঠ পর্যায়ে আপডেটকৃত ছকটি প্রেরণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) সমবায় অধিদপ্তর |
| | | | ৩. অডিট অগ্রগতির নতুন ছকে আগামী সমন্বয় সভায় তথ্য উপস্থাপন করতে হবে। | যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) সমবায় অধিদপ্তর |
| ০৬. | **অডিট ফি আদায়ের অগ্রগতি ও সমবায় উন্নয়ন তহবিলের চাঁদা আদায় সংক্রান্ত;** | হাল সনের অডিট ফিসহ বকেয়া অডিট ফি আদায়ের হার সন্তোষজনক নয়। অডিট ফি দ্রুত সময়ের মধ্যে আদায়ের বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br><br>অতিরিক্ত নিবন্ধক (অডিট ও আইন) জানান সকল বিভাগ কর্তৃক সমবায় সমিতি আইন ও বিধিমালা মোতাবেক বকেয়াসহ ২০২৩-২০২৪ অর্থবছরের সম্পাদিত নিরীক্ষা প্রতিবেদনের আলোকে সঠিকভাবে অডিট ফি ধার্য ও আদায় জুন/২০২৫ মাসের মধ্যে শতভাগ সম্পন্ন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>হাল সনের সমবায় উন্নয়ন তহবিলসহ বকেয়া সমবায় উন্নয়ন তহবিল আদায়ের হার সন্তোষজনক। তবে সমবায় উন্নয়ন তহবিল ১০০% আদায় নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. ২০২৩-২০২৪ অর্থবছরের সম্পাদিত নিরীক্ষা প্রতিবেদনের আলোকে সঠিকভাবে অডিট ফি বকেয়াসহ ধার্য ও আদায় জুন/২০২৫ মাসের শতভাগ সম্পন্ন করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) সমবায় অধিদপ্তর<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | | ২. নির্ধারিত সময়ের মধ্যে বকেয়াসহ হাল সমবায় উন্নয়ন তহবিল শতভাগ আদায় নিশ্চিত করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (ইপিপি), সমবায় অধিদপ্তর<br><br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| ০৭. | **বিভিন্ন আদালতে বিচারাধীন মামলা সংক্রান্ত;** | সভায় জানানো হয়, বিভিন্ন আদালতে মোট ৫৬৯টি মামলা বিচারাধীন রয়েছে এর মধ্যে ৫২১টি সমবায় সমিতি সংক্রান্ত। উচ্চ আদালতে ৩৮৪টি ও নিম্ন আদালতে ১৩৮টি মামলা রয়েছে এবং প্রশাসন শাখায় সংশ্লিষ্ট ৪৮ টি মামলা রয়েছে। বিবেচ্য ০২(দুই) মাসে নিম্ন আদালতে ০১টি মামলা নিষ্পত্তি করা হয়েছে। বিবেচ্য ০২(দুই) মাসে উচ্চ আদাতে ০১টি মামলা, নিম্ন আদালতে ০৩টি মামলা ও প্রশাসনিক ট্রাইবুন্যালে ০১টি মামলা দায়ের হয়েছে। অনিষ্পন্ন মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয় এবং সমবায় অধিদপ্তরের সদর কার্যালয়ের সংশ্লিষ্ট শাখাসহ মাঠ পর্যায়ে মামলা দ্রুত সময়ের মধ্যে নিষ্পত্তির লক্ষ্যে আরজির জবাব যথাসময়ে এ দপ্তরে প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়।<br><br>মামলা সংক্রান্ত পত্র যথাসময়ে এন্ট্রি করা ও নথিতে উপস্থাপন করা এবং যথাসময়ে মামলার শুনানীতে সমবায় অধিদপ্তরের প্রতিনিধি ও প্যানেল আইনজীবী উপস্থিত থাকার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. পেন্ডিং মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>২. মামলা দ্রুত সময়ের মধ্যে নিষ্পত্তির লক্ষ্যে মামলার জবাব সঠিকভাবে যথাসময়ে এ দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br><br>৩. মামলা সংক্রান্ত পত্র যথাসময়ে এন্ট্রি ও নথিতে উপস্থাপন করতে হবে এবং যথাসময়ে মামলার শুনানীতে সমবায় অধিদপ্তরের প্রতিনিধি ও প্যানেল আইনজীবী উপস্থিত থাকার বিষয়টি নিশ্চিত করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) সমবায় অধিদপ্তর<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>৩. উপনিবন্ধক (প্রশাসন) সমবায় অধিদপ্তর<br>৪. উপনিবন্ধক (ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | সমবায় অধিদপ্তরের প্যানেল আইনজীবীগণ কর্তৃক দাখিলকৃত বিল নিয়মিত পরিশোধ না করায়, তারা সমবায় দপ্তরের মামলাসমূহ বিজ্ঞ আদালতে পরিচালনায় সহযোগিতা করছেন না। এ অবস্থায় বিজ্ঞ প্যানেল আইনজীবী কর্তৃক দাখিলকৃত বিল পরিশোধের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সভায় আলোচনা করা হয়। সকল মামলার জবাব সংশ্লিষ্ট নথিতে সংরক্ষণ করা এবং যেসকল প্যানেল আইনজীবীগণ সমবায় অধিদপ্তরের মামলা পরিচালনার ক্ষেত্রে আন্তরিক নন, সেসকল প্যানেল আইনজীবীগণের সাথে চুক্তি নবায়ন না করার বিষয়ে আলোচনা করা হয়। | ৪. প্যানেল আইনজীবীদের বকেয়া বিল পরিশোধের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং মামলা পরিচালনা ক্ষেত্রে প্যানেল আইনজীবীদের সার্বিক কার্যক্রম মনিটর করতে হবে।<br>৫. আদালতে দাখিলকৃত সকল মামলার জবাব সংশ্লিষ্ট নথিতে সংরক্ষণ করতে হবে।<br>৬. যেসকল প্যানেল আইনজীবীগণ সমবায় অধিদপ্তরের মামলা পরিচালনার ক্ষেত্রে আন্তরিক নন, সেসকল প্যানেল আইনজীবীগণের সাথে চুক্তি নবায়ন করা যাবেনা। | ১. যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) সমবায় অধিদপ্তর<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>৩. উপনিবন্ধক (প্রশাসন) সমবায় অধিদপ্তর<br>৪. উপনিবন্ধক (ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর |
| ০৮. | **ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি সংক্রান্ত;** | সভায় জানানো হয় বর্তমানে মাঠ পর্যায় ৮টি বিভাগ স্ব-উদ্যোগে মোট ১৩৭৮টি সমবায় সমিতিকে ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত করেছে। ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত ১৩৭৮টি সমবায় সমিতি মনিটরিংয়ের আওতায় এনে পর্যায়ক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিভাগীয় যুগ্মনিবন্ধকগণের দৃষ্টি আকর্ষণ করা হয়।<br>ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি ঝুঁকিমুক্ত করার কৌশল ডেভোলপ করার বিষয়ে আইন শাখা ও মার্কেট শাখা যৌথভাবে কাজ করার জন্য সভায় আলোচনা করা হয়। | ১. ঝুঁকিপূর্ণ হিসেবে চিহ্নিত ১৩৭৮টি সমবায় সমিতি মনিটরিংয়ের আওতায় এনে পর্যায়ক্রমে ঝুঁকি হ্রাসের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | | ২. সমবায় সমিতির ঝুঁকির বিষয়ে সতর্ক হয়ে অডিট কার্যক্রম পরিচালনা করতে হবে এবং ঝুঁকিপূর্ণ সমবায় সমিতির তথ্য নিয়মিত প্রেরণ ও নিয়মিত হালনাগাদ করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (মা. ক্রে. গৃ.মওবি), সমবায় অধিদপ্তর<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | | ৩. আইন শাখা ও মার্কেট শাখা যৌথভাবে ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি ঝুঁকিমুক্ত করার কৌশল ডেভোলপ করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (অডিট ও আইন), সমবায় অধিদপ্তর<br>২. যুগ্মনিবন্ধক (মা. ক্রে. গৃ.মওবি), সমবায় অধিদপ্তর) |
| ০৯. | **সমবায় সমিতির নিবন্ধন সংক্রান্ত;** | সভায় জানানো হয়, ৩০ এপ্রিল/২৫ পর্যন্ত সমবায় বিভাগীয় সমবায় সমিতির নিবন্ধনের সংখ্যা ১,৭৮২টি ও বাতিলের সংখ্যা ৫,২৫২টি এবং বিআরডিবিভুক্ত সমবায় সমিতির নিবন্ধনের সংখ্যা ১,১৯০টি ও বাতিলের সংখ্যা ৮৬টি। রংপুর বিভাগে বিআরডিবিভুক্ত সমবায় সমিতির নিবন্ধনের সংখ্যা ১,০৯৬টি কিভাবে হয়েছে? এই বিষয়ে যুগ্মনিবন্ধক, রাজশাহী জানান পরবর্তী সভায় বিষয়টি সভায় অবহিত করবেন।<br>সমবায় সমিতির নিবন্ধন ও বাতিল সংক্রান্ত হালনাগাদ প্রতিবেদন যথাসময়ে অডিট ও আইন শাখায় প্রেরণ নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. সমবায় সমিতি নিবন্ধন ও বাতিল সংক্রান্ত তথ্য হালনাগাদ রাখতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) সমবায় অধিদপ্তর<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | | ২. রংপুর বিভাগে বিআরডিবিভুক্ত সমবায় সমিতির নিবন্ধনের সংখ্যা ১,০৯৬টি। এ বিষয়ে আগামী সমন্বয় সভায় বিস্তারিত তথ্য উপস্থাপন করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক, রংপুর। |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১০. | **প্রশিক্ষণ কার্যক্রম সংক্রান্ত;** | অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি জানান, বাংলাদেশ সমবায় একাডেমি এবং আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটসমূহে ২০২৪-২৫ প্রশিক্ষণ বর্ষের ইতোমধ্যে লক্ষ্যমাত্রা এবং নির্ধারিত সময়ের মধ্যেই লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। | ১. লক্ষ্যমাত্রা অনুযায়ী মানসম্মত প্রশিক্ষণ প্রদান নিশ্চিত করতে হবে। | ১. অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা<br>২. অতিরিক্ত নিবন্ধক (ইপিপি), সমবায় অধিদপ্তর |
| | | আগামী অর্থবছরে সমবায় অধিদপ্তরের অবকাঠামো ব্যবহার করে কর্মকর্তাদের প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ২. আগামী অর্থবছরে সমবায় অধিদপ্তরের অবকাঠামো ব্যবহার করে কর্মকর্তাদের প্রশিক্ষণের আয়োজন করার বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করতে হবে। | যুগ্মনিবন্ধক(ইপিপি), সমবায় অধিদপ্তর |
| ১১. | **ঘূর্ণায়মান আর্বতক তহবিল সংক্রান্ত;** | ঘূর্ণায়মান আর্বতক তহবিল সংক্রান্ত বিষয়ে পৃথক সভার আয়োজন করা হয়েছে। এমতাবস্থায়, এ সংক্রান্ত বিষয়ে উক্ত সভায় বিস্তারিত আলোচনা করা হবে। | - | - |
| ১২. | **আশ্রয়ণ প্রকল্পের ঋণ কার্যক্রম সংক্রান্ত;** | আশ্রয়ণ প্রকল্প-২ এর আওতায় নতুন নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা, সমবায় সমিতির সদস্য সংখ্যার তথ্য এবং আশ্রয়ণ প্রকল্পের ঋণ আদায় অগ্রগতি প্রতি মাসে এ দপ্তরে প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. আশ্রয়ণ-২ প্রকল্পের ঋণ কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | যুগ্মনিবন্ধক (গবেষণা ও এমআইএস) সমবায় অধিদপ্তর |
| ১৩. | **বাস্তবায়নাধীন প্রকল্পের অগ্রগতি;** | সভায় জানানো হয়, প্রকল্পের অনুকূলে ২০২৪-২৫ অর্থ বছরের আরএডিপিতে ২১৪৪.০০ লক্ষ (রাজস্ব- ৪৩৮.০০ লক্ষ ও মূলধন ১৭০৬.০০ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। ২য় কিস্তি পর্যন্ত ১০০৩.০০ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে। ২০২৪-২৫ অর্থবছরের এপ্রিল ২০২৫ খ্রি. পর্যন্ত ব্যয় হয়েছে ৫০৭.৬৬ লক্ষ টাকা যা বরাদ্দের ২৩.৬৮% এবং ছাড়কৃত অর্থের ৫০.৬১%। | ১. 'মডেল গ্রাম প্রতিষ্ঠা শীর্ষক পাইলট প্রকল্পটি শতভাগ সফল করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে গুরুত্ব সহকারে কাজ করতে হবে। প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি প্রতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সমবায় অধিদপ্তর<br>২. প্রকল্প পরিচালক 'মডেল গ্রাম প্রতিষ্ঠা শীর্ষক পাইলট প্রকল্প |
| | | প্রকল্প পরিচালক, 'মডেল গ্রাম প্রতিষ্ঠা শীর্ষক পাইলট প্রকল্প সভায় জানান, প্রকল্পের মেয়াদ প্রায় শেষের দিকে। এ অবস্থায়, কমিউনিটি বিল্ডিং নির্মাণের কাজ সংশ্লিষ্ট বিভাগীয় যুগ্মনিবন্ধগণ ও জেলা সমবায় কর্মকর্তাগণ তদারকী করলে কাজের মাণ আরো ভাল হবে এবং শন্তিগঞ্জ, টুঙ্গিপাড়া, মনোহরগঞ্জ ও মনিরামপুর উপজেলায় ঋণ আদায় হার কম। এ বিষয়ে সংশ্লিষ্ট বিভাগীয় যুগ্মনিবন্ধগণ ও জেলা সমবায় কর্মকর্তাগণ আদায় হার বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ২. মডেল গ্রাম প্রতিষ্ঠা শীর্ষক পাইলট প্রকল্পের অধীন কমিউনিটি বিল্ডিং নির্মাণের কাজ সংশ্লিষ্ট বিভাগীয় যুগ্মনিবন্ধগণ ও জেলা সমবায় কর্মকর্তাগণ তদারকী করবেন।<br>৩. শন্তিগঞ্জ, টুঙ্গিপাড়া, মনোহরগঞ্জ ও মনিরামপুর উপজেলায় মডেল গ্রাম প্রতিষ্ঠা শীর্ষক পাইলট প্রকল্পের ঋণের আদায় হার বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১.সংশ্লিষ্ট বিভাগীয় যুগ্মনিবন্ধগণ<br>২. সংশ্লিষ্ট জেলা সমবায় কর্মকর্তাগণ |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | সভায় জানানো হয়, প্রকল্পের অনুকূলে ২০২৪-২৫ অর্থ বছরের আরএডিপিতে ৫০০০.০০ লক্ষ (রাজস্ব- ৪৯৮২.০০ লক্ষ ও মূলধন ১৮.০০ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। ১ম কিস্তিতে ১৫০০.০০ লক্ষ টাকা, ২য় কিস্তিতে ১৪৯৮.০০ লক্ষ টাকা এবং ৩য় কিস্তিতে ১০০০.০০ লক্ষ মোট ৩৯৯৮.০০ লক্ষ টাকা অবমুক্ত করা হয়েছে। ২০২৪-২৫ অর্থবছরের এপ্রিল ২০২৫ খ্রি. পর্যন্ত ব্যয় হয়েছে ২১৪৪.১২ লক্ষ টাকা যা বরাদ্দের ৪২.৮৮% এবং ছাড়কৃত অর্থের ৫৩.৬৩%। | ৪. "দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ" শীর্ষক প্রকল্পটি শতভাগ সফল করার লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে গুরুত্ব সহকারে কাজ করতে হবে। প্রকল্পের কার্যক্রমের অগ্রগতি প্রতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (পরিকল্পনা ও উন্নয়ন) সমবায় অধিদপ্তর<br>২. প্রকল্প পরিচালক "দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ" শীর্ষক প্রকল্প |
| ১৪. | **রাজস্ব অডিট আপত্তি সংক্রান্ত ও সমাপ্ত প্রকল্পের অডিট সংক্রান্ত;** | বর্তমানে সমবায় অধিদপ্তর, সদর কার্যালয় ও এর আওতাধীন দপ্তর সমূহের মোট অনিষ্পন্ন রাজস্ব অডিট আপত্তির সংখ্যা ৩১৬টি, প্রকল্প দপ্তরসমূহের ০১টি এবং ০১টি সিভিল অডিট আপত্তিসহ সর্বমোট ৩১৮টি অডিট আপত্তি রয়েছে। সমবায় অধিদপ্তর সদর কার্যালয়ের অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৩৯টি, মাঠপর্যায়ের ২৭৭টি এবং প্রকল্প দপ্তরসমূহের অডিট আপত্তির সংখ্যা ০১টিসহ সর্বমোট ৩১৭টি রাজস্ব অডিট আপত্তি এবং সিভিল অডিট আপত্তি ০১টি। উক্ত ৩১৭টি রাজস্ব অডিট আপত্তির মধ্যে অগ্রিম অনুচ্ছেদ (SFI) এর সংখ্যা ৯৩টি এবং সাধারণ অনুচ্ছেদ (Non SFI) এর সংখ্যা ২২৪টি। এদপ্তরের স্মারক নং- ৪৭.৬১.০০০০.০১২. ০২.০০৪.১৮-১৭৫, ১৮২ এবং ১৮৯ তারিখ- ১৬/০৩/২০২৫ খ্রি. ১৫/০৪/২৫খ্রি. ও ০৬/০৫/২০২৫ খ্রি. মূলে প্রেরিত পত্রের মাধ্যমে বিভাগীয় সমবায় কার্যালয়, সিলেট, ঢাকা এবং খুলনা এর সাধারণ অনুচ্ছেদ সমূহের প্রমাণকসহ ব্রডশীট জবাব স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের নির্দেশনার আলোকে ১০/০৪/২০২৫ খ্রি. তারিখে বিভাগীয় সমবায় কার্যালয় ময়মনসিংহতে দ্বি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হয় এবং সভায় আলোচিত আপত্তি সমূহ নিষ্পত্তির লক্ষ্যে যথাযথ প্রমাণক ও ব্রডশীট জবাব এদপ্তরের স্মারক নং- ৪৭.৬১.০০০০.০১২. ০২.০০৪.১৮-১৮৭ তারিখ- ০৬/০৫/২০২৫ খ্রি. মূলে স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। অন্যান্য বিভাগীয় দপ্তরেও দ্বি-পক্ষীয় ও ত্রি-পক্ষীয় সভা আহবানের কার্যক্রম অব্যাহত রয়েছে। | ১. সমন্বয় সভায় অডিট আপত্তি সংক্রান্ত তথ্য উপস্থাপন করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>২. উপনিবন্ধক (ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর |
| | | | ২. নিয়মিত দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠানের মাধ্যমে রাজস্ব অডিট আপত্তি নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>২. উপনিবন্ধক (ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর |
| | | | ৩. অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ব্রডশীট জবাব দ্রুত প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>২. উপনিবন্ধক (ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর |
| | | | ৪. অডিট আপত্তি নিষ্পত্তির জবাব দাখিলের সময়ে প্রয়োজনীয় প্রমাণক সংযুক্ত করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>২. উপনিবন্ধক (ফাইন্যান্স), সমবায় অধিদপ্তর |
| ১৫. | **অফিস পরিদর্শন সংক্রান্ত;** | সকল কার্যালয়ের কার্যক্রমের গতিশীলতা আনয়নে মনিটরিং ও পরিদর্শনের গুরুত্ব অপরিসীম। এ বিষয়ে সতর্কতার সহিত কার্যক্রম গ্রহণের জন্য সভায় সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। অফিস পরিদর্শন সম্পর্কিত ছক মোতাবেক তথ্য উর্ধ্বতন দপ্তরে প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয় এবং অফিস পরিদর্শন সম্পর্কিত ছক হালনাগাদ করে মাঠ পর্যায়ে প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. অফিস মনিটরিং ও পরিদর্শন কার্যক্রম জোরদার করতে হবে। | ১. অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) সমবায় অধিদপ্তর<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | | ২. অফিস পরিদর্শন সম্পর্কিত ছক হালনাগাদ করে মাঠ পর্যায়ে প্রেরণ হবে। | অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) সমবায় অধিদপ্তর |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১৬. | **সমবায় সমিতি পরিদর্শন সংক্রান্ত;** | মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা প্রমাপ অনুযায়ী সমবায় সমিতিগুলো নিয়মিত পরিদর্শন করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় এবং সমবায় সমিতি পরিদর্শন সম্পর্কিত ছক আপডেট করে মাঠ পর্যায়ে প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. সমবায় সমিতি পরিদর্শন কার্যক্রম জোরদার করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | | ২. সমবায় সমিতি পরিদর্শন সম্পর্কিত ছক আপডেট করে মাঠ পর্যায়ে প্রেরণ হবে। | অতিরিক্ত নিবন্ধক (সমিতি ব্যবস্থাপনা) সমবায় অধিদপ্তর |
| ১৭. | **স্ব-স্ব দপ্তরের (বিভাগ/জেলা/ উপজেলা) ওয়েব সাইটসমূহের কনটেন্ট নিয়মিত হালনাগাদকরণ;** | স্ব-স্ব দপ্তরের (বিভাগ/জেলা/উপজেলা) ওয়েব সাইটসমূহের তথ্য নিয়মিত হালনাগাদ রাখার বিষয়ে এবং বিভাগীয় সমবায় কার্যালয়সমূহ কর্তৃক সংশ্লিষ্ট জেলা/উপজেলার ওয়েবসাইট মনিটরিং এর বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br><br>স্ব-স্ব দপ্তরের ওয়েব সাইটসমূহের তথ্য নিয়মিত হালনাগাদ রাখার জন্য বিভাগীয় সমবায় কার্যালয়ে ও জেলা সমবায় কার্যালয়ে একজনকে দায়িত্ব প্রদান করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. স্ব-স্ব দপ্তরের (বিভাগ/জেলা/উপজেলা) ওয়েব সাইটসমূহের তথ্য নিয়মিত হালনাগাদ রাখতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | | ২. জেলা/উপজেলা সমবায় কার্যালয়ে ওয়েবসাইটসমূহ নিয়মিত হালনাগাদ করার বিষয়টি বিভাগীয় সমবায় কার্যালয় কর্তৃক নিয়মিত মনিটরিং করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | | ৩. এমআইএস শাখা কর্তৃক সমবায় অধিদপ্তরের আওতাধীন সকল কার্যালয়ের ওয়েবসাইট হালনাগাদের বিষয়টি নিয়মিত মনিটর করতে হবে। | যুগ্মনিবন্ধক (গবেষণা ও এমআইএস) সমবায় অধিদপ্তর |
| | | | ৪. স্ব-স্ব দপ্তরের ওয়েব সাইটসমূহের তথ্য নিয়মিত হালনাগাদ রাখার জন্য বিভাগীয় সমবায় কার্যালয়ে ও জেলা সমবায় কার্যালয়ে একজনকে দায়িত্ব প্রদান করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| ১৮. | **অনিষ্পন্ন বিষয়াদি এবং** | চাহিত তথ্য/প্রতিবেদন নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ বিষয়ে এবং নির্ধারিত ছক অনুযায়ী অনিষ্পন্ন বিষয়াদির তালিকা প্রতি দ্বি-মাসিক সভায় উপস্থাপন করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. অনিষ্পন্ন বিষয়সমূহ নিষ্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>২. উপনিবন্ধক (প্রশাসন) সমবায় অধিদপ্তর |
| | | | ২. অনিষ্পন্ন বিষয়াদির তালিকা প্রেরণের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>২. উপনিবন্ধক (প্রশাসন) সমবায় অধিদপ্তর |
| ১৯. | **বিবিধ।** | সমবায় অধিদপ্তরের কর্মকর্তাদের কর্মবন্টন সর্বশেষ বিগত ২০০৭ সালে জারী হয়েছিল, দীর্ঘদিন অতিবাহিত হওয়ায় তা হালনাগাদ করা হয়নি। কর্মকর্তাদের কর্মবন্টন হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. বিদ্যমান কর্মবন্টন হালনাগাদ করার জন্য সুনির্দিষ্টভাবে প্রস্তাব উল্লেখপূর্বক আগামী ৪৫ দিনের মধ্যে কার্যক্রম সম্পন্ন করতে হবে। | সভাপতি/সদস্য সচিব (এ সংক্রান্ত গঠিত কমিটি) সমবায় অধিদপ্তর |
| | | বিভাগীয় যুগ্মনিবন্ধক, ময়মনসিংহ সভায় জানান, সমবায় অধিদপ্তরের কর্মকর্তাদের কর্মবন্টন সর্বশেষ বিগত ২০০৭ সালে জারী হয়েছিল সেখানে বিভাগীয় সমবায় কার্যালয়ে ০৩ জন উপনিবন্ধক ও ০৩ জন সহকারী নিবন্ধকের মধ্যে কর্মবন্টন করা রয়েছে। বর্তমানে নতুন ৪ টি বিভাগে উপনিবন্ধকের পদ ০২টি ও সহকারী নিবন্দকের পদ ০২টি। এমতাবস্থায়, ময়মনসিংহ বিভাগের নতুন করে কর্মবন্টনের প্রস্তাব প্রেরণ করা হয়েছে মর্মে সভায় আলোচনা করা হয়। | ২. ময়মনসিংহ বিভাগের উপনিবন্ধক ও সহকারী নিবন্ধকের কর্মবন্টনের প্রস্তাব অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | যুগ্মনিবন্ধক (অডিট ও আইন) সভায় জানান তিনি বরিশালের বিভাগীয় যুগ্মনিবন্ধক থাকা অবস্থায় জনাব মো: কামরুল আহসান, উপজেলা সমবায় কর্মকর্তা, ইন্দুরকানী, পিরোজপুর এর বিরুদ্ধে বিভাগীয় কার্যধারা রুজুপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র দিয়েছিলেন। তাকে অবিলম্বে বরিশাল বিভাগের বাহিরে বদলী করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৩. জনাব মো: কামরুল আহসান, উপজেলা সমবায় কর্মকর্তা, ইন্দুরকানী, পিরোজপুরকে বরিশাল বিভাগের বাহিরে বদলী করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) |

পরিশেষে সভাপতি সমবায় অধিদপ্তরের সকল কাজের গতিশীলতা আনয়নে জনগণের প্রত্যাশিত সেবা যথাসময়ে প্রদান নিশ্চিতকরণ এবং সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৬/০৬/২৫

মো: শরিফুল ইসলাম
নিবন্ধক ও মহাপরিচালক
সমবায় অধিদপ্তর, ঢাকা

স্মারক নং-৪৭.৬১.০০০০.০০৬.০৬.০০৪.০০(৫ম খন্ড)-১৬৪ (৬০) স/মু;

তারিখ: ১৬/০৬/২০২৫

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) / (সমিতি ব্যবস্থাপনা) / (অডিট ও আইন) / (ইপিপি), সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৩। অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ইউনিয়ন)।
০৫। মহাব্যবস্থাপক, বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড।
০৬। যুগ্মনিবন্ধক (সকল), সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৭। বিভাগীয় যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ।
০৮। প্রকল্প পরিচালক (যুগ্মনিবন্ধক), 'দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ' শীর্ষক প্রকল্প, সমবায় অধিদপ্তর, ঢাকা/'মডেল গ্রাম প্রতিষ্ঠা' শীর্ষক প্রকল্প, সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৯। যুগ্মনিবন্ধক (গবেষণা ও এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। তাঁকে সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
১০। যুগ্মনিবন্ধক (ইপিপি), সমবায় অধিদপ্তর, ঢাকা ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, ইন্টিগ্রেটেড ডিজিটাল সার্ভিস ডেলিভারি প্লাটফর্ম সিস্টেম। তাঁকে সভার কার্যবিবরণী প্রজেক্ট ম্যানেজার/ডেপুটি প্রজেক্ট ম্যানেজার, ইরা ইনফোটিক লি: ও অরেঞ্জ বিডি কে অবহিত করার অনুরোধসহ।
১১। প্রজেক্ট ম্যানেজার/ডেপুটি প্রজেক্ট ম্যানেজার, ইরা ইনফোটিক লি: ও অরেঞ্জ বিডি।
১২। উপনিবন্ধক (সকল), সমবায় অধিদপ্তর, ঢাকা।
১৩। সহকারী নিবন্ধক/গবেষণা কর্মকর্তা/পরিসংখ্যানবিদ/সহকারী প্রোগ্রামার (সকল), সমবায় অধিদপ্তর, ঢাকা।
১৪। নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী (নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

16.06.2025

(আকলিমা খাতুন)
সহকারী নিবন্ধক (সমন্বয় ও কর্মমূল্যায়ন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।